মেহেরপুরে জেলা পর্যায়ে এইচপিভি টিকাদান কার্যক্রম অবহিতকরণ সভা

মেহেরপুরে জেলা পর্যায়ে “এইচপিভি টিকাদান কার্যক্রম ২০২৪” সম্পর্কে অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার (২২অক্টোবর) সকাল সাড়ে ১১ টার দিকে জেলা তথ্য অফিসারের সম্মেলন কক্ষে এ অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়।

মেহেরপুর জেলা তথ্য অফিস আয়োজিত অবহিতকরণ সভায় জেলা তথ্য অফিসার আব্দুল্লাহ্ আল মামুনের সভাপতিত্বে অন্যদের মধ্যে বক্তব্য রাখেন- জেলা প্রাথমিক শিক্ষা অফিসার রুহুল আমিন, ইসলামিক ফাউন্ডেশনের উপ-পরিচালক এ জে এম সিরাজুম মূনীর, সিভিল সার্জন অফিসের মেডিকেল অফিসার ডা. ইনজামামুল হক, সাংবাদিক দিলরুবা খাতুন, মাঝিপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক রুৎ ছবি বিশ্বাস, শিক্ষার্থী মৌসুফা ইসলাম প্রমুখ।

মেহেরপুরে জেলা পর্যায়ে “এইচপিভি টিকাদান কার্যক্রম ২০২৪” সম্পর্কে অবহিতকরণ সভায় বিভিন্ন বিদ্যালয়ের শিক্ষার্থীরা উপস্থিত ছিল।

মেহেরপুরে পেনশন স্কীম শীর্ষক অবহিতকরণ সভা

মেহেরপুরে উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর অধীন আউট অব স্কুল চিলড্রেন শিক্ষা কর্মসূচির কর্মকর্তা, সুপারভাইজার ও শিক্ষকদের সম্পৃক্তকরণের লক্ষ্যে সার্বজনীন পেনশন স্কীম শীর্ষক অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়েছে।

মানব উন্নয়ন কেন্দ্র (মউক) এর বাস্তবায়নে ও জেলা উপানুষ্ঠানিক

শিক্ষা ব্যুরোর সহযোগিতায়

আজ মঙ্গলবার (২৮ মে) দুপুর ১২ টার দিকে জেলা শিল্পকলা একাডেমির মিলনায়তনে এ অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়।

অবহিতকরণ সভার সভাপতিত্ব করেন অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইটি) মোঃ তানভীর হাসান রুমান।

সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন জেলা প্রশাসক ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট শামীম হাসান।

আউট অব স্কুল চিলড্রেন এডুকেশন কর্মসূচির জেলা প্রোগ্রাম ম্যানেজার সাদ আহাম্মদের সঞ্চালনায় এসময় জেলা প্রাথমিক শিক্ষা অফিসার মোঃ রুহুল আমিন, জেলা তথ্য অফিসার আব্দুল্লাহ আল মামুন, ইসলামিক ফাউন্ডেশনের উপ-পরিচালক এ জে এম সিরাজুম মূনীম, জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর সহকারী পরিচালক শেখ মো সুরুজ্জামান, মানব উন্নয়ন কেন্দ্র (মউক) এর নির্বাহী প্রধান আসাদুজ্জামান সেলিম প্রমুখ উপস্থিত ছিলেন।

মুজিবনগরে সার্বজনীন পেনশন স্কীম মাঠ পর্যায়ে অবহিতকরণ সভা

সার্বজনীন পেনশন স্কীম-একটি রাষ্টের টেকসই উন্নয়নের অন্যতম শর্ত হলো- উন্নয়ন প্রক্রিয়ায় সকল নাগরিককে সম্পৃক্ত করা এবং সবার জন্য সমান সুযোগ সৃষ্টির মাধ্যমে ন্যায়ভিত্তিক সমাজ প্রতিষ্ঠা করা। বৈষম্যহীন সামাজিক কাঠামোয় সকল নাগরিকের বিশেষ করে বয়স্ক জনগোষ্ঠীর আর্থিক সুরক্ষা নিশ্চিত করা একটি কল্যাণমূলক রাষ্ট্রের অন্যতম দায়িত্ব।

সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কর্তৃক প্রণীত বাংলাদেশের সংবিধানের ১৪ ও ১৫ অনুচ্ছেদে এ বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়েছে। বঙ্গবন্ধুর বৈষম্যহীন সমাজ

২।প্রগতি স্কীম-(বেসরকারী চাকুরিজীবী) যার মাসিক চাঁদা ২০০০-১০০০০।
৩।সুরক্ষা স্কীম-(সকর্মে নিয়োজিত) যার মাসিক চাঁদা ১০০০-৫০০০। ৪।সমতা স্কীম- (অতিদরিদ্র )যার মাসিক চাঁদা ৫০০
৫।প্রত্যয় স্কীম- (স্বায়িত্বশাসিত পতিষ্ঠানে কর্মরত চাকুরিজীবীদের জন্য বিশেষায়িত স্কিম) যার মাসিক চাঁদা ২০০০-১০০০০।
সার্বজনীন পেনশন স্কীমে ১৮ থেকে ৫০ বছর বয়সী যে কেও যুক্ত হতে পারবেন এবং ৬০ বছর বয়সে চাঁদা বন্ধ হয়ে প্রতি মাসে পেনশন শুরু হবে।

অবহিতকরণ সভা শেষে উপজেলা চত্বরে স্থাপিত সার্বজনীন পেনশন স্কিমের রেজিস্ট্রেশন বুথের উদ্বোধন করা হয়।

মুজিবনগরে বিশ্ব এন্টিমাইক্রোবিয়াল সচেতনতা সপ্তাহ উদযাপনে অবহিতকরণ সভা

মুজিবনগরে বিশ্ব এন্টিমাইক্রোবিয়াল রেজিস্ট্যান্স সচেতনতা সপ্তাহ উদযাপনে অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার সকাল ১১ টার সময় এন্টিমাইক্রোবিয়াল রেজিস্ট্যান্স কন্টেইনমেন্ট, ভাইরাল হেপাটাইটিস ও ডায়রিয়া নিয়ন্ত্রণ কর্মসূচী রোগ নিয়ন্ত্রণ বিভাগ, সিডিসি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা এর আয়োজনে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডঃ আসাদুজ্জামান এর অফিস কক্ষে এই অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়।

অবহিতকরণ সভায় ডাক্তার আসাদুজ্জামানের সভাপতিত্বে উপস্থিত ছিলেন উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আবাসিক মেডিকেল অফিসার ডঃ তৌফিক আহমেদ,ডা: আবু সাঈদ, উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের সহকারি প্রকৌশলী বাদশা বুলবুল, সাংবাদিক শেখ শফিউদ্দিন, সাংবাদিক হাসান মোস্তাফিজুর রহমান, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স

এর নার্সেস সুপারভাইজার সুশীলা মন্ডল, পাপিয়া খাতুন,সিনিয়র স্টাফ নার্স শাম্মী আক্তার ও রুপালী মন্ডল।

অবহিতকরণ সভায় এন্টিবায়োটিক ব্যবহারে সচেতন হওয়া এবং এন্টিমাইক্রোবিয়াল রেজিস্ট্যান্স প্রতিরোধে করণীয় সম্পর্কে আলোচনা করেন, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা: আসাদুজ্জামান, আবাসিক মেডিকেল অফিসার ডা: তৌফিক আহমেদ উপজেলা সংক্রমণ রোগ নিয়ন্ত্রণ বিভাগের প্রধান ডা: আবু সাঈদ

এ সময় এন্টিবায়োটিক ব্যবহারে সচেতন হওয়া, সকলের সহযোগিতার মাধ্যমে এন্টিমাইক্রোবিয়াল রেজিস্ট্যান্স প্রতিরোধ, প্রতিকার অপেক্ষা প্রতিরোধ উত্তম, এন্টিবায়োটিক রেজিস্ট্যান্স প্রতিরোধে সকলেই অংশীদার,এন্টিবায়োটিক রেজিস্ট্যান্স এর ক্ষতিকর প্রভাব,এন্টিবায়োটিক রেজিস্ট্যান্ট জীবাণু তৈরির কারণ।

এ্যান্টবায়োটিক ও এন্টিমাইক্রোবিয়াল এন্টিবায়োটিক সম্পর্কে আলোকচকরা বলেন, এ্যান্টবায়োটিক ও এন্টিমাইক্রোবিয়াল এন্টিবায়োটিকঃ এক প্রকার অণুজীব থেকে উৎপন্ন হয়ে অন্য প্রকার অণুজীবের মৃত্যু ঘটায় বা বৃদ্ধি বন্ধ করে। ব্যাকটেরিয়ার বেলায় এর ব্যবহার হয়।

এন্টিমাইক্রোবিয়ালঃসকল প্রকার রোগ জীবাণু যথা- ব্যাকটেরিয়া, ভাইরাস, ফাংগাস এবং এক কোষী প্রোটোজোয়া (আমাশয়ের জীবাণু, ম্যালেরিয়া ও কালাজ্বরের পরজীবী) এর বিরুদ্ধে ব্যবহৃত ঔষধ।

এন্টিবায়োটিক ব্যবহারে সচেতন হওয়া এবং সকলের সহযোগিতার মাধ্যমে এন্টিমাইক্রোবিয়াল রেজিস্ট্যান্স প্রতিরোধ করা সম্ভব।

ঝিনাইদহে জলাতঙ্ক নির্মূলের লক্ষ্যে অবহিতকরণ সভা

বাংলাদেশ থেকে জলাতঙ্ক নির্মূলের লক্ষ্যে ঝিনাইদহ জেলায় ব্যাপক হারে কুকুরের টিকাদান (এমডিভি) কার্যক্রম ২০২৩ সদর উপজেলা

অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার দুপুরে সদর উপজেলা সভাকক্ষে উপজেলা স্বাস্থ্য বিভাগের আয়োজনে সদর উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ মিথিলা ইসলামের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা সাদিয়া জেরিন।

এসময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পৌরসভার মেয়র কাইয়ুম শাহরিয়ার জাহেদী হিজল, জেলা প্রাণী সম্পদ কর্মকর্তা ডাঃ মনোজিৎ কুমার, মেডিকেল অফিসার ডাঃ ফয়সাল আহমেদ, স্বাস্থ্য পরিদর্শক ইনচার্জ নাজিম উদ্দীন জোয়ার্দার, উপজেলা ভাইস চেয়ারম্যান আরতি দত্ত, ইউপি চেয়ারম্যান বিকাশ কুমার বিশ্বাস,পারভেজ মাসুদ লিল্টন, জাহাঙ্গীর আলম, আতিকুল হাসান মাসুম, সিরাজুল করিমসহ জনপ্রতিনিধি, সাংবাদিক ও স্বাস্থ্য বিভাগের ৬০ জনসহ বিভিন্ন পর্যায়ের কর্মকর্তারা অবহিতকরণ কর্মশালায় অংশ নেয়।

দামুড়হুদায় জাতীয় ভিটামিন-এ প্লাস ক্যাম্পেইন অবহিতকরণ সভা অনুষ্ঠিত

দামুড়হুদায় জাতীয় ভিটামিন-এ প্লাস ক্যাম্পেইন সফল করার লক্ষ্যে অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়েছে। রবিবার বেলা ১১ টার দিকে দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের কন্ফারেন্স রুমে অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়।
দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা: হেলেনা আক্তার নিপার সভাপতিত্বে অনুষ্ঠিত অবহিতকরণ সভায় বিশেষ অতিথি ছিলেন দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) ফেরদৌস ওয়াহিদ, দামুড়হুদা উপজেলা শিক্ষা অফিসার সাকী সালাম, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা: বেলাল উদ্দীন, সহকারী পরিবার পরিকল্পনা কর্মকর্তা হোসনে মোবারক শিলন, দামুড়হুদা প্রেসক্লাব সভাপতি এম নুরুন্নবী, সাধারণ সম্পাদক বখতিয়ার হোসেন বকুল। দামুড়হুদা উপজেলা প্রেসক্লাবের সভাপতি আরিফুল ইসলাম মিলন,

সাংগঠনিক সম্পাদক রকিবুল হাসান তোতা, সহ-দপ্তর সম্পাদক ইমরান হোসেন।

উপজেলা স্বাস্থ্য পরিদর্শক কামাল উদ্দিনের সঞ্চালনায় সভায় এছাড়াও উপস্থিত ছিলেন উপজেলা স্বাস্থ্য পরিদর্শক খন্দকার ময়নুদ্দীন, মুফতিলুর রহমান, সিনিয়র স্টাফ নার্স নাজমা খাতুন, পরিবার পরিকল্পনা পরিদর্শক আতিকুর রহমান, আবুল কালাম আজাদ, মতিয়ার রহমান, হাসানুল আলম। সার্বিক সহযোগিতায় ছিলেন এএসএম ফারুক আহমেদ।

সভায় আজ রবিবার ২০ ফেব্রুয়ারী উপজেলার ১৬৯ টি কেন্দ্র থেকে ৬-১১ মাস বয়সী ৩৭১০ জন শিশুকে ১ লাখ পাওয়ারের একটি করে নীল রঙের এবং ১২-৫৯ মাস বয়সী ২৭৩০১ জন শিশুকে ২ লাখ পাওয়ারের একটি করে লাল রঙের ভিটামিন-এ প্লাস ক্যাপসুল খাওয়ানো পরিকল্পনা রয়েছে বলে জানান সংশ্লিষ্ট কর্তৃপক্ষ।

গাংনীতে ভিটামিন এ প্লাস ক্যাম্পেইন অবহিতকরণ সভা

মেহেরপুরের গাংনীতে জাতিয় ভিটামিন এ প্লাস অবহিতকরণ ও পরিকল্পনা সভা অনুষ্ঠিত হয়েছে। রোব্বার বেলা সাড়ে ১১টার দিকে অনুষ্ঠিত এ সভার আয়োজন করেন গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স।

উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স হলরুমে অনুষ্ঠিত ও স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সুপ্রভা রানীর সভাপতিত্বে সভায় প্রধান অতিথী ছিলেন গাংনী উপজেলা পরিষদ চেয়ারম্যান এমএ খালেক।

এমপি ইপিআই আব্দুর রশীদের সঞ্চালনায় অনুষ্ঠানে গাংনী থানার ওসি (তদন্ত) মনোজিৎ কুমার নন্দী, বিভিন্ন সরকারী অফিসের কর্মকর্তা,স্বাস্থ্য বিভাগে কর্মরত কর্মকর্তা কর্মচারী এবং সাংবাদিকগন উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, এবার গাংনী উপজেলায় ২১৭ টি কেন্দ্রে ছয় থেকে ১১ মাস

বয়সী তিন হাজার ৯৪১ জন ও ১২ থেকে ৫৯ মাস বয়সী ৩০ হাজার ২৮৩জন শিশুকে ভিটামিন এ খাওয়ানো হবে।

মুজিবনগরে জলাতঙ্ক নির্মূলের লক্ষ্যে অবহিতকরণ সভা

বাংলাদেশ থেকে জলাতঙ্ক নির্মূলের লক্ষ্যে ব্যাপকহারে কুকুরকে টিকাদান (এমডিভি) কার্যক্রমের অংশ হিসাবে মুজিবনগর উপজেলা থেকে জলাতঙ্ক রোগ নির্মূলের লক্ষ্যে অবহিত করণ সভা অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার দুপুরে মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর সভাকক্ষে স্বাস্থ্য কমপ্লেক্সের স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা: আসাদুজ্জামান এর সভাপতিত্বে এই সভা অনুষ্ঠিত হয়।

এ সময় উপস্থিত ছিলেন স্বাস্থ্য কমপ্লেক্সের আবাসিক মেডিকেল অফিসার তৌফিক আহমেদ, মুজিবনগর প্রাণিসম্পদ অফিসের ডা: তানিয়া, বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আয়ুব হোসেন,মোনাখালি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মফিজুর রহমান, দারিয়াপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মাহবুবুল আলম রবি, স্বাস্থ্য কমপ্লেক্সের মেডিকেল অফিসার (রোগ নিয়ন্ত্রণ) ডা: আবু সাঈদ,সিডিসি, ডিজি,এইচএস এর এমডিভি সুপারভাইজার আজহারুল ইসলাম, সিডিসি স্বাস্থ্য অধিদপ্তরের এমডিভি এর ফিল্ড সুপারভাইজার মনির মুন্সি সহ সাংবাদিক, টিকাদান কর্মসূচিতে নিয়োজিত কর্মকর্তারা।

মুজিবনগর থেকে জলাতঙ্ক রোগ নির্মূল করতে আগামী ১০ই ফেব্রুয়ারি থেকে ১৫ই ফেব্রুয়ারি ৫ দিন ব্যাপক হারে কুকুরের ভ্যাকসিন কার্যক্রম পরিচালিত হবে।

গাংনীতে জাতীয় জলাতঙ্ক নির্মূল কর্মসুচী বিষয়ক অবহিতকরণ সভা অনুষ্ঠিত

বাংলাদেশ থেকে জলাতঙ্ক নির্মুলের লক্ষ্যে ব্যপকভাবে কুকুরের টিকাদান(এমডিভি) কার্যক্রম ২০২৩ বাস্তবায়নের লক্ষ্যে মেহেরপুরের গাংনীতে অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার দুপুরে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স সভাকক্ষে এ সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা(ইউএইসএফপিও) সুপ্রভা রানীর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনী পৌরসভার মেয়র আহমেদ আলী।

জাতীয় জলাতঙ্ক নির্মূল কর্মসুচী,রোগ নিয়ন্ত্রণ শাখা,সিডিসি ও স্বাস্থ্য অধিদপ্তর আয়োজিত অবহিতকরণ সভায় ডাক্তার মুক্তার আলী জলাতঙ্ক বিষয়ক সকল তথ্য তুলে ধরেন। সভায় মেডিকেল অফিসার ডা.সুমাইয়া ইসলাম, গাংনী থানার ওসি (তদন্ত) মনোজিৎ কুমার নন্দি,গাংনী উপজেলার সকল ইউনিয়নের চেয়ারম্যানবৃন্দ,উপজেলা স্বাস্থ্য পরিদর্শক,স্বাস্থ্য সহকারিগন উপস্থিত ছিলেন।

এসময় বক্তারা বলেন,জলাতঙ্ক একটি ভয়ংকর মরণব্যাধি,এরোগে মৃত্যুর হার শতভাগ। পৃথিবীতে কোথাও কোথাও প্রতি ১০ মিনিটে একজন এবং প্রতি বছেও প্রায় ৫৯ হাজার মানুষ জলাতঙাক মারা যায়। এ রোগ মুলত কুকুরের কামড় বা আঁচড়ের মাধ্যমে ছড়ায়। এছাড়াও বিড়াল,শিয়াল,বেজি, বানরের আঁচড়ের মাধ্যমেও এ রোগ হতে পারে।

বাংলাদেশে প্রতিবছরে ৫ থেকে ৬ লক্ষ মানুষ কুকুর,বিড়াল বা শিয়ালেন কামড় বা আঁচড়ের শিকার হয়ে থাকে। যাদের মধ্যে বেশিরভাগই শিশু। এছাড়াও প্রায় ২৫ হাজার গবাদি প্রাণী এ রোগের শিকার হয়ে থাকে। বাংলাদেশে ২০১০ সালের আগে প্রতি বছল প্রায় ২০০০ মানুষ জলাতঙ্ক আক্রান্ত হয়ে মারা যেত। এবং একটি উল্লেখযোগ্য গবাদী প্রাণী এ রোগে আক্রান্তে শিকার হয়ে থাকে।

২০১৬ সালের মধ্যে জলাতংক রোগে আক্রান্ত হয়ে রোগীর সংখ্যা শতকরা

৯০ ভাগ কমিয়ে আনা এবং ২০২২ সালের মধ্যে বাংলাদেশকে জলাতঙ্ক মুক্ত করার লক্ষ্যে বিভিন্ন বকর্মসুচী বাস্তবায়ন চলছে। এরই অর্শ হিসিবে বাংলাদেশের সকল মোট ৬৭টি জলাতঙ্ক নিয়ন্ত্রণ ও নির্মূল কেন্দ্র চালু করা হয়েছে। এসব কেন্দ্র থেকে কুকুরের কামড়ে আক্রান্ত রোগীর আধুনিক ব্যবস্থাপনা এবং জলাতঙ্ক প্রকিরোধী টিাক বিনামূল্যে সরবরাহ করা হচ্ছে।

স্বাস্থ্য বিভাগের এক তথ্যে জানাগেছে,২০১০ সাল থেকে ২০১২ ইং সাল পর্যন্ত সারাদেশে জলাতঙ্ক রোগে আক্রান্ত রোগী আক্রান্ত রোগীর সংখ্যা ২১৪৭ থেকে ১৪৪৫ এ নেমে এসছে। এবং এ সংক্রমক ব্যাধি হাসপাতালেও এ রোগে আক্রান্ত রোগীর সংখ্যঅ পুর্বেও তুলনায় প্রায় ৬০ শতাংশ হ্রাস পেয়েছে। চলমান এসকল কার্যক্রমের পাশাপাশি কুকুরের কামড়ের আধুনিক ব্যবস্থাপনা চালু রেখে ব্যপক হােও কুকুরের টিকাদান কর্মসূচীর মাধ্যমে দেশের সকল কুকুরকে ৩ রাউন্ড টিকা প্রদান করা গলে জলাতঙ্ক নির্মূল করার লক্ষ্য অর্জন সম্ভব হবে।

দামুড়হুদায় জলাতঙ্ক রোগ নির্মূলে অবহিতকরণ সভা অনুষ্ঠিত

দামুড়হুদায় জলাতঙ্ক রোগ নির্মূলে কুকুরের টিকাদান কার্যক্রম বাস্তবায়নে অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার বেলা সাড়ে ১১ টার দিকে দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের কন্ফারেন্স রুমে

স্বাস্থ্য অধিদপ্তরের রোগ নিয়ন্ত্রণ শাখার উদ্যোগে অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়।

এসময় স্বাগত বক্তব্য রাখেন বাংলাদেশ স্বাস্থ্য অধিদপ্তর রোগ নিয়ন্ত্রণ শাখার প্রোগ্রাম অফিসার আমজাদ হোসাইন। সভাপতিত্ব করেন দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা: হেলেনা আক্তার নিপা।

এ ছাড়ার উপস্থিত ছিলেন উপজেলা প্রাণিসম্পদ ডা: তাছলিমা খাতুন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আবাসিক মেডিকেল অফিসার ডা: ফারহানা ওয়াহিদ তানী, দামুড়হুদা উপজেলা ভেটেরিনারি সার্জন ডা: নাজমুল হাসান শাওন, জুড়ানপুর ইউপি চেয়ারম্যান সোহরাব হোসেন, দামুড়হুদা সদর ইউপি চেয়ারম্যান হযরত আলী, দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি এম নুরুন্নবী, সাধারণ সম্পাদক বখতিয়ার হোসেন বকুল, দর্শনা পৌরসভার ভারপ্রাপ্ত মেয়র রবিউল হক সুমন, কার্পাসডাঙ্গা ইউপি সদস্য মনিরুজ্জামান, উপজেলা স্বাস্থ্য পরিদর্শক কামাল উদ্দিন, ইপিআই টেকনিশিয়ান ফারুক আহমেদ, পরিসংখ্যানবিদ শাহজাহান হোসেনসহ অন্যান্য অতিথিবৃন্দ।

সভায় আগামি ১০ থেকে ১৪ ফেব্রুয়ারী ৫ দিনব্যাপি দামুড়হুদা উপজলায় পোষা ও বেওয়ারিশ কুকুরের জলাতঙ্ক প্রতিষেধক টিকা প্রদান কার্যক্রম পরিচালিত হবে বলে জানান সংশ্লিষ্ট কর্তৃপক্ষ। অনুষ্ঠানটি সঞ্চালনায় ছিলেন দামুড়হুদা উপজেলা সেনেটারী ইন্সেপক্টর জামাত আলী।